

Kartik 03, 1428 Bangla, October 19, 2021 Tuesday, No. 290, 51st year

H I G H L I G H T S

PM Sheikh Hasina instructs AL leaders & workers to prevent destructive activities of communal evil forces in Bangladesh - urges people to uphold the tradition of communal harmony at any cost. (R. Today: 10)

AL GS says, communal attacks across the country are being fueled by BNP to destroy democracy. Referring to incident of arson at Pirganj in Rangpur, he says, BNP is involved in such a conspiracy to destroy communal harmony. (R. Today: 11)

Information & Broadcasting Minister says, BNP-Jamaat & fundamentalists groups carried out attacks in Comilla - communal evil forces tried to create anarchy with an intention of making govt. questionable. (R.Today: 11)

Home Minister says, several video & phone calls are being reviewed to find out those involved at Pirganj incident in Rangpur & some have already been identified. (R. Today: 12)

Govt. takes initiative to set up a support center for expatriate workers near the airport. This support center will provide immediate necessary facilities to outbound expatriates & returning workers, including temporary accommodations. (R. Tehran: 5)

Top BNP leader says, govt. had artificially created the incident in Comilla to divert people's attention to cover up the failure in Corona & lack of treatment, failure to ensure security & the limitless rise in commodity prices. (R. Tehran: 6)

Demonstrators block Shahbagh intersection in Dhaka to protest recent attacks on temples, puja venues & homes of Hindu community across Bangladesh- demanded maximum punishment for those involved in those attacks & protection of minorities. (VOA: 7)

DGHS informs, 10 more people died of COVID-19 yesterday bringing deaths to 27,778 —339 people tested positive taking number of confirmed cases to 15,65,827. (R. Today: 12)

Global death toll from coronavirus crosses 4,920,512 & worldwide infected cases are 241,890,664 while 219,215,609 people recover from the disease. (R. Today: 12)

কার্তিক ০৩, ১৪২৮ বাংলা, অক্টোবর ১৯, ২০২১ মঙ্গলবার, নং-২৯০, ৫১ বছর

শিরোনাম

বাংলাদেশের সাম্প্রদায়িক অপশক্তি তৎপরতার প্রতিরোধ করতে আওয়ামী লীগের নেতা-কর্মীদের নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যেকোনো মূল্যে বাংলাদেশের সাম্প্রদায়িক সম্প্রীতির ঐতিহ্য সমুন্নত রাখার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন তিনি। (রে. টুডে : ১০)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেছেন, গণতন্ত্র ধ্বংস করতে সারাদেশে সাম্প্রদায়িক হামলা হচ্ছে বিএনপির ইচ্ছা। রংপুরের পীরগঞ্জে অগ্নিসংযোগের ঘটনার প্রসঙ্গ টেনে তিনি বলেন সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করতে বিএনপি এমন চক্রান্তে লিপ্ত। (রে. টুডে : ১১)

তথ্য ও সম্প্রচার মন্ত্রী বলেছেন, বিএনপি-জামায়াতসহ ধর্মান্ধ গোষ্ঠী কুমিল্লার ঘটনা ঘটিয়েছে। দেশে বিশৃঙ্খলা সৃষ্টির মাধ্যমে সরকারকে বেকায়দায় ফেলতে এটি করা হয়েছে বলেও দাবি করেন তিনি। (রে. টুডে : ১১)

স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, রংপুরের পীরগঞ্জের ঘটনায় জড়িতদের খুঁজে বের করতে কয়েকটি ভিডিও ও ফোন কল পর্যালোচনা করা হচ্ছে। কয়েকজনকে এরইমধ্যে চিহ্নিত করা হয়েছে। তবে কুমিল্লা-নোয়াখালী ও রংপুরের ঘটনা একই সূত্রে গাঁথা বলে মনে হচ্ছে। (রে. টুডে : ১২)

সরকার প্রবাসী কর্মীদের জন্য বিমানবন্দরের নিকটে সাপোর্ট সেন্টার স্থাপনের উদ্যোগ নিয়েছে। বিদেশগামী এবং বিদেশফেরত কর্মীদের সাময়িক আবাসনসহ তাদের জন্য তাৎক্ষণিক প্রয়োজনীয় সুবিধাদি প্রদানের জন্য সাপোর্ট সেন্টার স্থাপন করা হবে। (রে. তেহরান: ৫)

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব বলেন, করোনায় ব্যর্থতা, মানুষের সুচিকিৎসা দিতে ব্যর্থতা, নিরাপত্তা নিশ্চিত ব্যর্থতা, ও দ্রব্যমূল্যের সীমাহীন যে উর্ধ্বগতি তা মোকাবেলা করতে না পেরে সরকার কৃত্রিমভাবে কুমিল্লার ঘটনা ঘটিয়েছে। যাতে মানুষের দৃষ্টি ওই দিকে যায়। (রে. তেহরান: ৬)

শারদীয় দুর্গোৎসবকে কেন্দ্র করে বাংলাদেশের বিভিন্ন স্থানে হিন্দু সম্প্রদায়ের পূজামণ্ডপ, বসতবাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানে হামলার প্রতিবাদে আজ ঢাকার শাহবাগ উত্তাল ছিল। এই সময় তারা সাম্প্রদায়িক হামলার সাথে জড়িতদের সর্বোচ্চ শাস্তি ও সংখ্যালঘু মানুষদের নিরাপত্তা দেওয়ারসহ সাত দফা দাবি জানায়। (ভোয়া : ৭)

স্বাস্থ্য অধিদফতর গতকাল জানিয়েছে, দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে একদিনে ১০ জনের মৃত্যু হয়েছে, এ নিয়ে মৃতের সংখ্যা দাঁড়ালো ২৭ হাজার ৭৭৮ জনে; নতুন রোগী সনাক্ত হয়েছে ৩৩৯ জন ; মোট সনাক্তের সংখ্যা ১৫ লাখ ৬৫ হাজার ৮২৭ জন। (রেডিও টুডে : ১২)

বিশ্বজুড়ে করোনাভাইরাসে মৃত্যুর সংখ্যা ৪৯ লাখ ২০ হাজার ছাড়িয়ে গেছে। আর আক্রান্ত সনাক্ত হয়েছে ২৪ কোটি ১৮ লাখ মানুষ। যাদের মধ্যে সুস্থ হয়ে উঠেছেন প্রায় ২১ কোটি ৯২ লাখ মানুষ। (রেডিও টুডে : ১২)

বিবিসি

পীরগঞ্জে হিন্দু গ্রামে লুটপাট, অগ্নিসংযোগ, ভাংচুর

বাংলাদেশে সম্প্রতি দুর্গাপূজার সময় টানা চারদিন ধরে পূজামণ্ডপ এবং মন্দিরে আক্রমণের ঘটনা থামতে না থামতেই এবার রংপুর জেলার পীরগঞ্জে হিন্দু ধর্মাবলম্বীদের মন্দির এবং বাড়ি ঘরে হামলা এবং লুটপাট ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। পুলিশ বলছে হিন্দু ধর্মাবলম্বী এক স্থানীয় তরুণ ফেসবুকে একটি পোস্টে ইসলাম বিদ্বেষী কमेंটস করেছে বলে অভিযোগ উঠার পর ১৮টির মতো বাড়িতে আগুন ধরিয়ে দেয়া হয়। তবে স্থানীয়রা বলছেন যে ৬০টি মতো বাড়িতে আগুন দেয়া হয়েছে। এ ঘটনায় সংশ্লিষ্টতার অভিযোগে ৪০জনকে আটক করেছে পুলিশ। এ নিয়ে ঢাকা থেকে ফারহানা পারভানের প্রতিবেদন।

বাংলাদেশের উত্তরের জেলা রংপুরের পীরগঞ্জে গতকাল রাত ১০টার দিকে হিন্দু সম্প্রদায়ের বাড়িঘরে আগুন লাগিয়ে দেয়া হয়। তার সূত্রপাত হয় পেসবুকে একটি পোস্টকে কেন্দ্র করে। রংপুরের পূজা উদযাপন কমিটির সভাপতি অজয় প্রসাদ বামন ঘটনাস্থল থেকে বলেন, পীরগঞ্জের করিমপুর এবং কসবা এ দুটি গ্রামের ৬০টির মতো বাড়িতে আগুন দেয়া হয়েছে (স্বকণ্ঠে) : ঐখানে দুটি গ্রামে ৬০টির মতো পরিবার বসবাস করে। ভোর বেলা যেয়ে দেখতে পেলাম ৬০টি বাড়িতে আগুন সংযোগ করা হয়েছে। লুটপাট থেকে আরম্ভ করে সব, বাড়িঘরের কোন কিছু নেই সবাই অসহায় একেবারে। গরু/ছাগলও লুটপাট করে নিয়ে গেছে।

পুলিশ বলছে হিন্দু ধর্মের এক তরুণ ফেসবুকে একটি পোস্টে ইসলাম বিদ্বেষী কमेंটস করার কথিত অভিযোগে ১৮টির মতো ঘরে আগুন দেয়া হয় এবং একটি মন্দিরও ভাংচুর করা হয়। রংপুর জেলার সহকারী পুলিশ সুপার মোহাম্মদ কামরুলজ্জামান বলেন, ঐ পোস্টের ব্যাপারে জানাজানি হলে একদল উত্তেজিত লোক ফেসবুকে পোস্ট দেয়া ঐ ব্যক্তির বাড়িতে জড়ো হয়। পুলিশ যখন তাদের শাস্ত করার চেষ্টা করছিল তখন পাশের গ্রামে ঐ হামলা হয় (স্বকণ্ঠে): মাগরিবের নামাজের পর স্থানীয় জনতা সে পোস্ট ফলো করে। তারপর তারা বিভিন্ন লোকজনকে ডাকে। আমরাও সে খবর পেলে ঘটনাস্থলে আসি। আসার পর পাবলিককে বুঝাই যা হয়েছে আমরা দেখছি ব্যাপারটা। যখন বুঝাচ্ছিলাম তখন সেখান থেকে পাঁচশো মিটার বা এক কিলোমিটার দূরে একটি গ্রামে বেশ কিছু লোক জড়ো হয়। তারা সেখানে আগুন লাগিয়ে দেয়, আগুন লাগালে সেখানে ১৮টির মতো বাড়ি পুড়ে যায়। দুটি বাড়িতে লুট ও একটি মন্দিরে ভাংচুর হয়েছে।

পুলিশের এ কর্মকর্তা বলেন, ভালোবাসার ক্ষুদ্রপ্রেমিক নামে একটি ফেসবুক আইডির প্রোপাই পিকচারে অনেকে কमेंট করেন। সে কमेंট এর মধ্যে একটা কमेंট ছিল যেটা ইসলাম বিদ্বেষী কमेंট বলে তিনি মন্তব্য করেন। মোহাম্মদ কামরুলজ্জামান জানান ঘটনার সাথে সংশ্লিষ্টতার অভিযোগে ৪০জনকে এখনও পর্যন্ত আটক করা হয়েছে।

বাংলাদেশে ১৩ অক্টোবর দুর্গা পূজার অষ্টমীর দিন কুমিল্লা শহরে একটি পূজা মন্ডপে কোরআন পাওয়ার পর সেখানে পূজা মন্ডপে হামলা হয়। এরপর টানা তিনদিন নোয়াখালী, ঢাকা, কিশোরগঞ্জ, চাঁদপুর, চট্টগ্রামসহ দেশের বিভিন্ন জেলায় পূজা মন্ডপ ও মন্দিরে হামলার ঘটনা ঘটে। পীরগঞ্জের আগে সর্বশেষ শনিবার ফেনীতে সংঘর্ষ হয়েছে। এ কয়দিনের সংঘর্ষে অন্তত ছয় জনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে।

বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান গতকালই বলেছিলেন দেশের কোথাও যাতে এ ধরনের হামলা বা সংঘর্ষের ঘটনা না ঘটে সে ব্যাপারে আইন শৃঙ্খলা বাহিনী সতর্ক রয়েছে। গতকাল রাতে রংপুরে বাড়িঘরে আগুন এবং মন্দিরে ভাংচুরের ঘটনা ঘটে। সে বিষয়ে আজ সচিবালয়ে সাংবাদিকরা স্বরাষ্ট্রমন্ত্রীকে প্রশ্ন করলে তিনি বলেন, রংপুরের ঘটনা কেউ উদ্দেশ্যমূলকভাবে ঘটিয়েছে কিনা সেটা নিশ্চিত করে বলার জন্য আরও কিছু সময়ের প্রয়োজন (স্বকণ্ঠে): রংপুরের ঘটনা উদ্দেশ্যমূলক কিনা তা তদন্তে আমাদের আরেকটি সময় দিতে হবে। র্যাব কাউন্টার টেরোরিজম সমস্ত ইউনিট কাজ করছে। ফেসবুকে সে লিংকগুলো আমরা খুঁজে খুঁজে বের করার চেষ্টা করছি।

রংপুরের পুলিশ বলছে এখন সেখানে পরিস্থিতি শান্ত রয়েছে। পীরগঞ্জে পুলিশ, বিজিবি ও র্যাবের সদস্য মোতায়েন করা হয়েছে। ফারহানা পারভান এখন ঢাকা স্টুডিও থেকে সরাসরি এ অনুষ্ঠানে যোগ দিচ্ছেন।

বিবিসি : আপনার প্রতিবেদনে এ ঘটনার ব্যাপারে স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্য ছিল। তাছাড়া আজ সরকারের কয়েকজন মন্ত্রীর মুখে এসমস্ত আক্রমণের কড়া নিন্দা এবং তা প্রতিহত করার কথা শোনা গিয়েছে। সাধারণ নাগরিকরা এসব ঘটনার ব্যাপারে কি প্রতিক্রিয়া জানাচ্ছেন ?

মিস ফারহানা : এসব হামলার প্রতিবাদে আজ ঢাকায় একটি প্রতিবাদ বিক্ষোভ সমাবেশ হয়েছে। সকাল সাড়ে দশটা থেকে শাহবাগ মোড়ে রাস্তা অবরোধ করে বিক্ষোভ শুরু করেন ঢাবি শিক্ষার্থীদের একটি অংশ। শিক্ষকরাও এতে সম্মতি জানান। ইসকন বাংলাদেশের সদস্যরাও সেখানে যোগ দেন। এ প্রতিবাদে যোগ দেয়া সবাই সহিংসতায় জড়িতদের খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে সরকারের কাছে দাবি জানান। সে সময় তারা আরও কিছু দাবি জানান। সেগুলো হলো- হামলার শিকার মন্দিরগুলোর শীঘ্রই প্রয়োজনীয় সংস্কার করা, বসত বাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানের লুটপাটের ক্ষতিপূরণ দেয়া, ধর্ষণ ও হত্যার শিকার পরিবারগুলোকে স্থায়ী ক্ষতিপূরণ দেয়া ও দোষীদের শাস্তি নিশ্চিত

করা। এছাড়া জাতীয় সংসদে আইন প্রণয়নের মাধ্যমে মন্দির ও সংখ্যালঘুদের বাসাবাড়িতে সাম্প্রদায়িক হামলার দায়ে সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করা। এছাড়াও রয়েছে সংখ্যালঘু মন্ত্রণালয় ও কমিশন গঠন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টকে আধুনিকায়ন করে ফাউন্ডেশনে উন্নীত করা এবং জাতীয় বাজেটে সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য জিডিপি ১৫ শতাংশ বরাদ্দ করা। কয়েকশো মানুষ আজ ঢাকায় শাহবাগের মোড় অবরোধ করে বিক্ষোভ করেন। যার ফলে শাহবাগ থেকে পল্টন, সাইন্স ল্যাব, বাংলামটর ও টিএসসি অভিমুখী যেসব সড়ক রয়েছে সেসব সড়কে যান চলাচল প্রায় ৪ ঘণ্টার মতো বন্ধ হয়ে যায়। (বিবিসি: ১৯:৩০ ঘ. ১৮/১০/২১ রিহাব/কোহিনূর)

কুমিল্লায় পূজামণ্ডপে কোরআন পাওয়ার ঘটনা প্রসঙ্গে কাদির কল্লোলের প্রতিবেদন

বাংলাদেশে বিভিন্ন প্রান্তে গত কয়েকদিন ধরে হিন্দু সম্প্রদায়ের পূজামণ্ডপ, মন্দির এবং বাড়িঘরে যেসমস্ত হামলার ঘটনা ঘটেছে তার সূচনা হয়েছিল সদ্য সমাপ্ত দুর্গা পূজার সময় কুমিল্লায়। একটি পূজা মণ্ডপে কোরআন পাওয়া যাওয়ার ঘটনা থেকে তা ছড়িয়ে পড়ে ঢাকা, কুমিল্লা, কিশোরগঞ্জ, চাঁদপুর এবং ফেনীসহ দেশের বিভিন্ন স্থানে। এরপরে বিভিন্ন হামলা এবং পুলিশের সঙ্গে সংঘর্ষ হয়, যাতে এ পর্যন্ত ছয়জন নিহত এবং কয়েকশো লোক আহত হয়েছেন। কুমিল্লায় সেদিন কিভাবে এই ঘটনা ঘটেছিল তার বিস্তারিত জানতে কুমিল্লায় গিয়েছিলেন বিবিসি বাংলার কাদির কল্লোল। তিনি এ সম্পর্কে বিস্তারিত জানাচ্ছেন তার প্রতিবেদনে।

কুমিল্লা শহরে যে পূজা মণ্ডপে কোরআন পাওয়া গিয়েছিল সেখানে গিয়ে আমি ঘটনার চারদিন পর দেখলাম সেখানে যে অস্থায়ী মঞ্চ করে পূজা করা হচ্ছিল সেই অস্থায়ী মঞ্চ আর নেই হামলার কারণে। আর ভাংচুর করা প্রতিমাগুলো বিসর্জন করা হয়েছিল তার অবশিষ্ট অংশগুলো এখানে পড়ে আছে। আর এই এলাকায় সনাতন হিন্দু ধর্মের যারা বসবাস করেন সেখানে একটা থমথমে পরিবেশ রয়েছে। যে পূজা মণ্ডপ থেকে উত্তেজনা ছড়ায় সেটি কুমিল্লা শহরের নানুয়া দিঘীর পাড়ে অস্থায়ীভাবে তৈরি করা হয়েছিল। বিশাল এই দিঘীর চারপাশে অনেক হিন্দু পরিবারের বসবাস। তারাই গত বিশ বছরের বেশি সময় ধরে প্রতি বছর অস্থায়ী মণ্ডপে এই পূজার আয়োজন করে আসছেন। এবারের ঘটনা তাদেরকে ভীত স্তম্ভ করে ফেলেছে। একজন নারী নাম প্রকাশ না করার শর্তে তাদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন (স্বকণ্ঠে): দুর্গা পূজা আমরা করতে পারিনি। এখন লক্ষ্মীপূজা আমরা ঘরেই করবো। গত বছরের পুরান প্রতিমা দিয়েই আমরা লক্ষ্মীপূজা করবো। আমরা যে প্রতিমাটা নিয়ে আসবো এটারও কোন নিরাপত্তা নেই।

চারদিন আগে কুমিল্লার এই পূজা মণ্ডপে কোরআন পাওয়ার ঘটনা এবং তারপর কিভাবে হামলা হয়েছিল তার বর্ণনা দিচ্ছিলেন নানুয়া দিঘীর পাড়ের পূজার আয়োজকদের অন্যতম একজন অচিন্ত দাস টিটো। তিনি আগে থেকেই পূজার মণ্ডপে পুলিশ পাহাড়া না দেয়ার অভিযোগ করেছেন। একই সাথে তিনি হামলাকারীদের উদ্দেশ্য নিয়েও প্রশ্ন তুলেছেন (স্বকণ্ঠে): পূজাতে প্রতি বছরই সরকারিভাবে আনসার বাহিনীর সদস্য এবং পুলিশ বাহিনীর সদস্যরা থাকেন। গত বছর করোনার কারণে আনসার বাহিনীর সদস্য এবং পুলিশ বাহিনীর সদস্যরা ছিলেন না। কিন্তু এ বছরও আনসার এবং পুলিশ বাহিনীর সদস্যরা ছিলেন না। এটা একটা বিষয় যে প্রতি বছর ওনারা থাকেন, এবার কেন ছিলেন না। এবারের হামলায় উঠতি বয়সী ছেলেরা ছিল। আমার কাছে প্রশ্ন হচ্ছে হঠাৎ করে এই ছেলেগুলো কোথা থেকে আসলো।

পূজা মণ্ডপটিতে ভোর রাতে যখন কোন লোকজন ছিল না তখনই সেখানে কোরআন রাখা হয়েছে বলে স্থানীয় পুলিশ ধারণা করছে। নানুয়া দিঘীর পাড়ের পূজা মণ্ডপের অল্প দূরত্বেই কুমিল্লা সিটি কর্পোরেশনের মেয়র মোহাম্মদ মনিরুল হকের বাসভবন। তার বিরুদ্ধে ঘটনাস্থলে পৌঁছাতে বিলম্ব হওয়া এবং গাফিলতিরও অভিযোগ উঠেছে। তবে মেয়র মি. হক এসব অভিযোগ অস্বীকার করে পুলিশের বিরুদ্ধে পাল্টা অভিযোগ আনেন (স্বকণ্ঠে): আমার খুব বেশি হলে ৪৫ মিনিট লাগছে। ঘুম থেকে উঠে আসতে তো একটু সময় লাগবে। আমি গেছি নয়টা ৫ মিনিটে। আমার কথা হলো সকাল বেলা যে সময় ওসি সাহেব আসলো, উনি কোরআন শরীফটা নিয়েছে এটাতো ছবিতে সবাই দেখেছে। উনি এই ছবিগুলো ভাইরাল করতে দিল কেন! ঐ সময় যদি এইটা আটকে দিতো তাহলে তো ওভারঅল বাংলাদেশব্যাপী প্রচার হতো না। এই লোকটারে ঠিকই অ্যারেস্ট করলো রাতে।

তবে, কুমিল্লার কোতয়ালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে যেসব অভিযোগ করা হচ্ছে এই নিয়ে তিনি কোন মন্তব্য করতে রাজি হননি। কুমিল্লা সদরের আওয়ামী লীগ দলের সংসদ সদস্য বাহা উদ্দিন বাহার বলেছেন পূজা মণ্ডপে কোরআন রাখার ঘটনাটি পরিকল্পিতভাবে করা হয়েছে বলে তারা মনে করেন। তিনি বলেছেন আশে পাশের বাড়ির সিসিটিভির ফুটেজ তদন্তকারীরা সংগ্রহ করেছে এবং আটকদের জিজ্ঞাসাবাদের ভিত্তিতে কয়েকজনকে সনাক্ত করা হয়েছে (স্বকণ্ঠে): পুলিশ তো খুব দ্রুত সেখানে হাজির হয়েছে তাহলে ম্যাসেজতো ছিলই। যখনই ম্যাসেজটা পেয়েছে তখনই অ্যাকশনে নামছে এবং এটা শুধু পুলিশ না, পুলিশ এবং জনতা ঐক্যবদ্ধভাবে তারা তো মাঠে ছিল। তারা প্রিপারেশন নিয়েছিল। তারা রামদা, ছুরি, তলোয়ার নিয়ে নামছিল। আমাদের কর্মী এবং পুলিশ ঐক্যবদ্ধ ফাইট করে তাদেরকে তাড়িয়ে দিয়েছে এই হচ্ছে বিষয়। এখন আমরা চিহ্নিত করে করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছি।

৫টি মামলায় এ পর্যন্ত ৪০ জনের বেশি আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে পুলিশ জানিয়েছে। তবে হিন্দু নেতারা ঘটনার সঠিক তদন্ত চেয়েছেন। (বিবিসি: ১৯:৩০ ঘ. ১৮/১০/২১ এলিনা/কোহিনূর)

বিবিসি ফোন ইন

বিবিসি বাংলার ফোন ইনে আজকে বক্ষব্যাপি নিয়ে বিভিন্ন প্রশ্নের জবাব দেবেন বাংলাদেশ বক্ষব্যাপি ইনস্টিটিউট এবং হাসপাতালের সিনিয়র চিকিৎসক ড. কাজী সাইফুদ্দীন বেন্নর। প্রথমেই প্রশ্ন করবেন, রংপুর থেকে মিলন কুমার রয়।

মি. রয় : আমার বয়স ৩২+, আমার ২০০১ সালে টিবি হয়েছিল। সুস্থ হবার পরে হঠাৎ বছরখানেক হচ্ছে আমার কিছু অস্বস্তি ফিল হচ্ছে। খাওয়ার পর বিছানায় শুলে সঙ্গে সঙ্গে শুয়ে পড়লে হালকা কাশি হয় এবং ব্লাড বের হয় অতিরিক্ত খিদা লাগলে খেতে দেরি হলে কাশি ওঠে। এটার কারণ কী?

ড. বেন্নর : আপনি যে সমস্যাটা বলছেন, আমি যতটুকু বুঝতে পারছি এটা হচ্ছে গ্যাস্ট্রোইসোফেজিয়াল ডিফ্লক্স বলা হয়। অর্থাৎ পাকস্থলীর উপরের মাথায় সেখানে অ্যাসিড সিকুয়েশন হয় সেখানটা উল্টো দিকে চলে আসতে চায় এবং সেই উল্টো দিকে চলে আসার কারণে এক ধরনের পিলিটেশন সৃষ্টি করে এবং কাশির সৃষ্টি করে। এটি বেশ অনেক রোগীর ক্ষেত্রে দেখা যায়। আপনার ক্ষেত্রে পরামর্শ যে খাওয়ার পর পরই কখনো শোবেন না, একটু হাটাহাটি করে শোবেন। দ্বিতীয়ত বালিশ উচু করে শোবেন। তৃতীয়ত কিছু ওষুধ দেখা হয় যেখানে গ্যাস্ট্রিক মোটিলিটি অথ্যাৎ নিচের দিকে খাদ্য নামার প্রক্রিয়াটাকে নিয়ন্ত্রণ করা যায়। চতুর্থত যদি এতেও সমস্যা থেকে যায় তাহলে একজন বিশেষজ্ঞ গ্যাস্ট্রোএন্টারোলজিস্ট অর্থাৎ পরিপাকতন্ত্র বিশেষজ্ঞের সাথে পরামর্শ করে নিন। এটি মূলত ফুসফুসের নয়। এবারে ঢাকা থেকে মুসলেমা পারভীন।

মিস পারভীন : আমার সমস্যা কখনো ঠান্ডা লাগলে বুকের বাস পাশে ব্যথা করে আবার যদি দৌড় ঝাপ করে কাজ করি তখনও ব্যথা করে। আর টেনশন করলেও ব্যথা করে। এটা কী বক্ষব্যাপির লক্ষণ কিনা ?

ড. বেন্নর : এটি যেহেতু বাম পাশে, আমাদের সন্দেহ আসে যে আপনার এটি কোনো হৃদরোগ সংক্রান্ত কিনা। এটা বোঝার জন্য আপনাকে ইসিজি এবং ইকো পরীক্ষা করা দরকার এবং তারপরও যদি প্রয়োজন হয় তাহলে ইটিটি বলে একটি পরীক্ষা আছে সেটি করা। কারণ যেহেতু সামান্য পরিশ্রম বা টেনশনে এ ধরনের সমস্যায় ভুগছেন এটি হৃদরোগ হবার সম্ভাবনা রয়েছে। এর বাইরে এটি ফুসফুসের রোগও হতে পারে সেটা দেখার জন্য একটা এক্সরে করে একজন ডাক্তারের পরামর্শ নিতে পারেন। তাছাড়া গ্যাস্ট্রিকের সমস্যার জন্যও এ ধরনের ব্যথা হয়। তার প্রথম প্রয়োজন হবে একজন হৃদরোগ বিশেষজ্ঞের পরামর্শ নিয়ে ব্যাপারটা সুনির্দিষ্ট করা। এবারে রংপুর থেকে মোঃ মিলন খন্দকার।

মোঃ মিলন : আমার প্রশ্ন হচ্ছে আমার আমার বয়স ৫৫+। ৪-৫ বছর আগে ওনার একটা ব্যথা ছিল। ব্যথাটা কখনো পেটে কখনো বুকে এমনকি পিঠেও হয়েছিল। এই অবস্থায় রংপুরের একজন বড় ডাক্তারকে দেখিয়েছিলাম। চেকআপে ডাক্তার কোন সমস্যা ধরা পড়েনি। কিছু ওষুধ দিয়েছিল। সেগুলো খাবার পরে এখন সুস্থ। এখন সমস্যা হলো মাঝে মাঝে ব্যথাটা হয় তবে যখন কোন কাজ করে বুকে ব্যথা করে আর বুক ধড়ফড় করে। হাপিয়ে যায় আর উনি পানে জর্দা খায়। এটাই কি সমস্যা?

ড. বেন্নর : একটু আগেও বলেছি। আপনার মায়ের সমস্যার সাথে সেটাও মিল রয়েছে। পরিশ্রম করলে এ ধরনের ব্যথা হওয়া এটি হৃদরোগের লক্ষণ হতে পারে। সুতরাং আপনার মাকে হৃদরোগের পরীক্ষা করার এবং ডাক্তারের পরামর্শ নেওয়া উচিত এবং সেই সাথে গ্যাস্ট্রিকের সমস্যার কথা আগেও বলেছি, গ্যাস অতিরিক্ত হলে এ ধরনের ব্যথা হতে পারে। যেহেতু উনি পানের সাথে জর্দা খান, সুতরাং গ্যাস্ট্রিক হবার সম্ভাবনা অনেক বেশি। আর অবশ্যই ওনাকে জর্দা খাওয়া থেকে দূরে সরিয়ে আনুন। এবারে বাগের হাট থেকে তামান্না তাসনীম।

মিস. তামান্না : আমার আম্মুর গত দুই বছর আগে শ্বাসকস্টের সমস্যা ধরা পড়েছে। ডাক্তারের পরামর্শ অনুযায়ী চলছিল। গত ৩ মাস আগে শ্বাসকস্ট সমস্যার অবনতি হচ্ছে ঠান্ডা গরম লাগতে পারেন না। আমার আম্মু সেভ থাকবে কি করে?

ড. বেন্নর : শ্বাসকস্টের সমস্যাটা হয়তবা সে চিকিৎসককে দেখিয়েছেন উনি অ্যাজমা বা হাঁপানী চিকিৎসা দিয়েছেন। তবে একটি কথা এই চিকিৎসাটা অনেক সময় চিকিৎসার মাত্রাকে বাড়ানো কমানো লাগে রোগীর শারীরিক অবস্থানের ওপর নির্ভর করে। সুতরাং আমার মনে হয় যেহেতু প্রাথমিকভাবে কিছুটা ভালো ছিলেন উনি হয়ত আর একবার চিকিৎসকের পরামর্শ নেন তাহলে হয়ত এই চিকিৎসার মাত্রা এক ধাপ বাড়িয়ে দেওয়া যায় তাহলে হয়ত নিয়ন্ত্রণ করা যাবে এবং পরবর্তীতে আবার যদি ভালো থাকেন তখন আবার নিচেও নিয়ে আসা যাবে। অতএব আবার পুনরায় একজন চিকিৎসকের পরামর্শ নিন। (বিবিসি: ২২৩০ ঘ. ১৮.১০.২০২১ রুবাইয়া ও আশরাফ)

রেডিও তেহরান

প্রবাসী কর্মীদের জন্য সাপোর্ট সেন্টার স্থাপনের উদ্যোগ নিয়েছে সরকার

বাংলাদেশ সরকার প্রবাসী কর্মীদের জন্য বিমানবন্দরের নিকটে সাপোর্ট সেন্টার স্থাপনের উদ্যোগ নিয়েছে। বিদেশগামী এবং বিদেশফেরত কর্মীদের সাময়িক আবাসনসহ তাদের জন্য তাৎক্ষণিক প্রয়োজনীয় সুবিধাদি প্রদানের জন্য সাপোর্ট সেন্টার স্থাপন করা হবে। ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতার প্রতিবেদন :

বাংলাদেশ সরকার প্রবাসী কর্মীদের জন্য বিমানবন্দরের নিকটে সাপোর্ট সেন্টার স্থাপনের উদ্যোগ নিয়েছে। বিদেশগামী এবং বিদেশফেরত কর্মীদের সাময়িক আবাসনসহ তাদের জন্য তাৎক্ষণিক প্রয়োজনীয় সুবিধাদি প্রদানের জন্য সাপোর্ট সেন্টার স্থাপন করা হবে।

এছাড়াও প্রবাসী কর্মীদের কম খরচে চিকিৎসা সুবিধা দেয়ার জন্য রাজধানীর ভাটারায় একটি হাসপাতাল ও ডায়গনস্টিক সেন্টার স্থাপন করা হচ্ছে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ আজ সকালে প্রবাসী কর্মীদের প্রতিবন্ধী সন্তানদের মাঝে ভাতা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। বর্তমান সরকার প্রবাসী বান্ধব সরকার উল্লেখ করে মন্ত্রী বলেন, সরকার সবসময় প্রবাসী কর্মীদের কল্যাণের জন্য কাজ করছে। এরই অংশ হিসেবে প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের মাঝে বছরে ১২ হাজার টাকা করে ভাতা প্রদান করা হচ্ছে।

এ সময় মন্ত্রী আরও বলেন, আমাদের লক্ষ্য শুধু ভাতা প্রদান নয়, আমাদের প্রত্যাশা প্রতিবন্ধী সন্তানরা যেন সুচিকিৎসার মাধ্যমে পুরোপুরিভাবে সুস্থ হয়ে উঠতে পারে। প্রবাসী কল্যাণ ভবনে অনুষ্ঠিত এ সভায় মন্ত্রণালয়ের সচিব ড. আহমেদ মুনিরুহ সাহেবী বলেন, দেশের অর্থনীতিতে প্রবাসী কর্মীদের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাদের অবদানের স্বীকৃতিস্বরূপ তাদের প্রতিবন্ধী সন্তানদের মাঝে ভাতা প্রদান করা হচ্ছে। তিনি আরো বলেন, ভাতার পরিমাণ যাই হোক না কেন, সবচেয়ে বড় কথা হলো সরকার প্রবাসী কর্মীর পরিবারের পাশে রয়েছে।

এতে সভাপতিত্ব করেন ওয়েজ আর্নর্স কল্যাণ বোর্ড এর মহাপরিচালক মো. হামিদুর রহমান। সভায় অন্যান্যের মাঝে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মো. শহীদুল আলম এনডিসি, প্রবাসী কল্যাণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মো. জাহিদুল হক, ওয়েজ আর্নর্স কল্যাণ বোর্ড এর পরিচালক শোয়াইব আহমেদ খান প্রমুখ উপস্থিত ছিলেন। (রেডিও তেহরান : ২০৩৫ ঘ. ১৮.১০.২০২১ সোনিয়া ও নারগীস)

সরকার কৃত্রিমভাবে কুমিল্লার ঘটনা ঘটিয়েছে : রিজভী

বাংলাদেশের সরকার কৃত্রিমভাবে কুমিল্লার ঘটনা ঘটিয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী। আজ দুপুরে জিয়াউর রহমান ফাউন্ডেশনের ২২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে শের-ই-বাংলা নগরে প্রেসিডেন্ট জিয়াউর রহমানের মাজারে পুষ্পস্তবক অর্পণ ও জিয়ারত শেষে তিনি এ মন্তব্য করেন। রিজভী বলেন, করোনায় ব্যর্থতা, মানুষের সুচিকিৎসা দিতে ব্যর্থতা, নিরাপত্তা নিশ্চিত ব্যর্থতা, ও দ্রব্যমূল্যের সীমাহীন যে উর্ধ্বগতি তা মোকাবেলা করতে না পেরে সরকার কৃত্রিমভাবে কুমিল্লার ঘটনা ঘটিয়েছে। যাতে মানুষের দৃষ্টি ওই দিকে যায়। অত্যন্ত কৃত্রিমভাবে এই নৈরাজ্য সৃষ্টি করা হয়েছে বলে তিনি দাবি করেন।

(রেডিও তেহরান : ২০৩৫ ঘ. ১৮.১০.২০২১ সোনিয়া ও নারগীস)

রংপুরের পীরগঞ্জ হিন্দু পল্লীতে অগ্নিসংযোগ ও লুটপাটের ঘটনা ঘটেছে

বাংলাদেশে গত ৫ দিন ধরে চলমান সাম্প্রদায়িক উত্তেজনার রেশ কাটতে না কাটতেই ধর্ম নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে আপত্তিকর পোস্ট দেয়াকে কেন্দ্র করে গতরাতে রংপুরের পীরগঞ্জ হিন্দু পল্লীতে অগ্নিসংযোগ ও লুটপাটের ঘটনা ঘটেছে। এ সম্পর্কে প্রতিবেদন করেছেন ঢাকা থেকে আমাদের প্রতিনিধি :

বাংলাদেশে গত পাঁচদিন ধরে সাম্প্রদায়িক উত্তেজনার প্রেক্ষাপটে সরকার ও বিরোধী দলের পারস্পরিক দোষারোপের মাঝে গতরাতে রংপুরে পীরগঞ্জ হিন্দু পল্লীতে অগ্নিসংযোগ ও লুটপাটের ঘটনা ঘটেছে। ধর্ম নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে আপত্তিকর পোস্ট দেয়াকে কেন্দ্র করে এই সহিংসতা ঘটে। হিন্দু সম্প্রদায়ের লোকজন বলছেন আশেপাশের লোকজনদের সাথে আগুন দেয়ার জন্য বাইরে থেকেও অনেকে এসেছিলো। তাদের মধ্যে তরুণ ও যুবকদের সংখ্যা ছিলো বেশি। প্রায় সবার হাতে ছিলো লাঠি, রামদা, ছুড়ি। কারো কাছে ছিলো কেরোসিন। হামলায় জড়িত অনেকেই এলাকায় পরিচিত মুখ। রংপুরের পুলিশ সুপার বিপ্লব কুমার সরকার বলেছেন, উগ্র একটি গোষ্ঠী এ তান্ডব চালিয়েছে। ইতোমধ্যে ৪০জনকে আটক করা হয়েছে।

এদিকে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের আজ রাজধানীতে এক অনুষ্ঠানে আবারও বিএনপিকে অভিযুক্ত করে বলেছেন, বিএনপির পৃষ্ঠপোষকতায় সাম্প্রদায়িক গোষ্ঠী ‘পরিকল্পিতভাবে সারা বাংলাদেশে তাণ্ডব করেছে, (স্বকণ্ঠে): ‘পরিকল্পিতভাবে এ সাম্প্রদায়িক গোষ্ঠী বিএনপির পৃষ্ঠপোষকতায় সারা বাংলাদেশে তাণ্ডব করেছে। গতকাল রাতে রংপুরে পীরগঞ্জের একটা জেলেপাড়ায় আগুন দিয়েছে। মন্দিরে হামলা করেছে। সেখানে গবাদিপশুর পযন্ত প্রাণহানি হয়েছে। এরকম নৃশংসতম হত্যায়ত্ত তারা আজ চালিয়ে যাচ্ছে।

একইরকম অভিযোগ তুলে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রী ডক্টর হাছান মাহমুদ বলেছেন, রাজনৈতিক উদ্দেশ্যে দেশকে অস্থিতিশীল করা এবং সরকারকে বেকায়দায় ফেলতে হামলার জন্য পীরগঞ্জকে বেছে নেয়া হয়েছে। উল্লেখ্য রংপুরের পীরগঞ্জ জেলা প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রয়াত স্বামী ড. ওয়াজেদ মিয়ার জন্মস্থান (রেডিও তেহরান : ২০৩৫ ঘ. ১৮.১০.২০২১ সোনিয়া ও নারগীস)

ভয়েস অফ আমেরিকা

মৌলবাদী হামলার প্রতিবাদে মর্মস্পর্শী ফেইসবুক পোস্ট বাংলাদেশ ক্রিকেট তারকা মাশরাফির

বাংলাদেশের নানা জেলায় সংখ্যালঘু হিন্দুদের উপর মৌলবাদীদের হামলা, ধর্মীয় উপাসনা স্থানে নির্বিচারে তাণ্ডব নিয়ে এবার ফেইসবুকে মর্মস্পর্শী পোস্ট দিলেন ক্রিকেট তারকা মাশরাফি বিন মোর্ত্তাজা।

বাংলাদেশ ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক লিখেছেন, “কাল দু’টি হার দেখেছি। একটা বাংলাদেশ ক্রিকেট দল, যেটায় কষ্ট পেয়েছি। আর একটি পুরো বাংলাদেশের, যা হৃদয় ভেঙ্গে চুরমার করেছে। এ লাল সবুজ তো আমরা চাইনি। কত কত স্বপ্ন, কত কষ্টার্জিত জীবন যুদ্ধ এক নিমিষেই শেষ। আল্লাহ আপনি আমাদের হেদায়েত দিন।”

ঘটনা নির্দিষ্ট না করলেও এ কথা বুঝতে অসুবিধা হচ্ছে না মাশরাফি কি বোঝাতে চেয়েছেন। আপাতত বাংলাদেশের নাগরিকদের একটা বড় অংশের উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছে সংখ্যালঘুদের উপর হামলার ঘটনা। এবার তা নিয়ে মুখ খুললেন মাশরাফি। বোঝাতে চেয়েছেন, ক্রিকেট একটা খেলা। সেখানে নিজের দেশ হারলে কষ্ট হবেই। তবু সেটা মেনে নেওয়া যায়। কিন্তু বাংলাদেশ সম্পর্কে যে বার্তা সারা দুনিয়ায় ছড়িয়ে পড়ল এই ক’দিনে তা সমগ্র বাংলাদেশের হার।

মাশরাফির এই পোস্টের নীচে ভিন্ন ধরনের কमेंট এসেছে। উগ্রবাদী কেউ কেউ এসে লিখেছেন, যা হয়েছে ভালো হয়েছে। আবার কেউ কেউ লিখেছেন, ক্রিকেটের হার আর সংখ্যালঘুদের উপর নির্যাতন কোনোটাই আসল বাংলাদেশ নয়। নতুন করে যেন বাংলাদেশ উঠে দাঁড়ায় সেই প্রার্থনা জানিয়েছেন। জনৈক সুমন আজহার লিখেছেন, “প্রিয় ক্যাপ্টেন, আপনার মতো সোনার ছেলে জন্ম নিক ঘরে ঘরে।” বাংলাদেশের মহিলা ক্রিকেট দলের খেলোয়াড় জান্নাতুল ফিরদৌস রুহি লিখেছেন, “এমন বাংলাদেশ চাই না যেখানে ধর্মের দোহাই দিয়ে উগ্রতার পদতলে, মানবতা, সভ্যতা, বিবেক।”

তবে মাশরাফির পোস্টের নীচে অনেকেই শেখ হাসিনা সরকারের সমালোচনা করেছেন। তাঁদের বক্তব্য, প্রশাসন যদি সতর্ক থাকত, যথাযথ ব্যবস্থা নিত তাহলে এই পর্যায়ে উন্নত্ততা পৌঁছতো না। মাশরাফি ক্রিকেট ছাড়ার পর এখন আওয়ামী লীগের সাংসদ। তাঁর দলই এখন বাংলাদেশের শাসন ক্ষমতায়।

(ভোয়া:২২০০ঘ.১৮.১০.২০২১মোতালেব)

সাম্প্রদায়িক হামলার প্রতিবাদে উত্তাল ঢাকার শাহবাগ

শারদীয় দুর্গোৎসবকে কেন্দ্র করে বাংলাদেশের বিভিন্ন স্থানে হিন্দু সম্প্রদায়ের পূজামণ্ডপ, বসতবাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানে হামলার প্রতিবাদে আজ ঢাকার শাহবাগ উত্তাল ছিল। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষকসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ ৪ ঘণ্টা শাহবাগ মোড় অবরোধ করে রাখে। এই সময় তারা সাম্প্রদায়িক হামলার সাথে জড়িতদের সর্বোচ্চ শাস্তি ও সংখ্যালঘু মানুষদের নিরাপত্তা দেওয়াসহ সাত দফা দাবি জানায়। এসব দাবি পূরণে সরকারকে ২৪ ঘণ্টার আলটিমেটামও দেওয়া হয়। শিক্ষার্থীদের দাবির সঙ্গে সংহতি প্রকাশ করেছে হিন্দু সম্প্রদায়ের সংগঠন ইসকন বাংলাদেশ।

সাম্প্রদায়িক হামলার প্রতিবাদে সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকায় জড়ো হন জগন্নাথ হলসহ বিভিন্ন হলের শিক্ষার্থীরা। তারা একটি মিছিল নিয়ে শাহবাগ মোড় গিয়ে সাড়ে ১০টার দিকে অবরোধ শুরু করেন। তাদের সঙ্গে সংহতি প্রকাশ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষক। অবরোধের কারণে শাহবাগ মোড়ের চারদিকের রাস্তায় যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। কর্মসূচিতে শিক্ষার্থীদের স্লোগান ছিল, ‘সংখ্যালঘুর নিরাপত্তা, দিতে হবে দিতে হবে’, ‘একান্তরের হাতিয়ার, গর্জে উঠুক আরেকবার’, ‘বঙ্গবন্ধুর বাংলায়, জঙ্গিবাদের ঠাঁই নাই’, ‘জঙ্গিবাদের কালো হাত, ভেঙে দাও গুঁড়িয়ে দাও’, ‘আমার ভাইয়ের খুনি কে, ফাঁসি দাও দিতে হবে’ ইত্যাদি।

অবরোধ কর্মসূচি শেষে সাত দফা দাবি ঘোষণা করেন জগন্নাথ হল ছাত্র সংসদের সাবেক সাহিত্য সম্পাদক ও আন্দোলনের সমন্বয়ক জয়দীপ দত্ত। দাবিগুলোর মধ্যে আছে, সাম্প্রদায়িক হামলার শিকার মন্দিরগুলোর সংস্কারের ব্যবস্থা করা, রংপুরসহ দেশের বিভিন্ন স্থানে ধর্মীয় সংখ্যালঘুদের বসতবাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানে অগ্নিকান্ড ও লুটপাটের ক্ষতিপূরণ দেওয়া, হামলায় জড়িতদের গ্রেপ্তার করে সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করা, জাতীয় সংসদে আইন করে মন্দির ও ধর্মীয় সংখ্যালঘুদের নিরাপত্তা দেওয়া, সংখ্যালঘু মন্ত্রণালয় ও কমিশন গঠন করা।

জয়দীপ দত্ত বলেন, ‘আগামী ২৪ ঘণ্টার মধ্যে দাবিগুলো মেনে নেওয়া না হয়, অথবা সরকারের সংশ্লিষ্ট ব্যক্তির আমাদের সঙ্গে কোনো যোগাযোগ না করেন, পরবর্তী কর্মসূচি ঘোষণা করব। এই কর্মসূচি আরও কঠোর হবে।’ অবরোধে সংহতি জানিয়ে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের প্রাধ্যক্ষ মিহির লাল সাহা, সাবেক প্রাধ্যক্ষ অসীম কুমার সরকার ও আইন বিভাগের অধ্যাপক গোবিন্দ চন্দ্র মণ্ডল ও ইসকন বাংলাদেশের সাধারণ সম্পাদক শ্রীপদ চারু চন্দ্র দাস ব্রহ্মচারী।

অধ্যাপক মিহির লাল সাহা বলেন, সাম্প্রদায়িক সহিংসতার জন্য যারা দায়ী, সেই ধর্মান্ধ গোষ্ঠী দেশে অরাজকতা সৃষ্টির পায়তারা করছে। অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় হলো, এই একবিংশ শতাব্দীতে এসেও এমন হামলার ঘটনা দেখতে হচ্ছে। কিন্তু সরকারের পক্ষ থেকে তেমন কোনো ব্যবস্থা দেখা যাচ্ছে না। হামলাকারীদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান তিনি। (ভোয়া:২২০০ঘ.১৮.১০.২০২১মোতালেব)

এনএইচকে

আসিয়ানের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে মিয়ানমারের বিরোধী পক্ষ

আগামী সপ্তাহে অনুষ্ঠিত জোটের একটি শীর্ষ সম্মেলন থেকে মিয়ানমারের সামরিক নেতাকে বাদ দেয়ার জন্য গৃহীত দক্ষিণপূর্ব এশীয় দেশগুলোর সমিতি বা আসিয়ানের একটি সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে মিয়ানমারের বিরোধী পক্ষ। গত শুক্রবার পররাষ্ট্রমন্ত্রীদের এক জরুরি বৈঠকে আসিয়ান, আগামী ২৬শে অক্টোবর শুরু হতে যাওয়া শীর্ষ সম্মেলনটিতে সিনিয়র জেনারেল মিন অং হ্লাইং'কে আমন্ত্রণ না জানানোর সিদ্ধান্ত নেয়। আসিয়ান জানায় যে, দেশটির সামরিক বাহিনী এবং গণতন্ত্রপন্থী শক্তিগুলোর মধ্যে মধ্যস্থতার জন্য তাদের গৃহীত বিভিন্ন প্রচেষ্টায় মিয়ানমারের সামরিক বাহিনী অসহযোগিতাপূর্ণ অবস্থান বজায় রাখায় তারা এই সামরিক নেতাকে আমন্ত্রণ জানাবে না। আঞ্চলিক জোটটি এও জানিয়েছে যে তারা এর পরিবর্তে বরং বৈঠকটিতে মিয়ানমার থেকে একজন অরাজনৈতিক প্রতিনিধিকে আমন্ত্রণ জানাবে।

মিয়ানমারের গণতন্ত্রপন্থী জাতীয় ঐকমত্যের সরকার গতকাল রবিবার রাতে আসিয়ানের পদক্ষেপকে স্বাগত জানিয়ে একটি বিবৃতি প্রকাশ করেছে।

বিবৃতিটিতে বলা হয়, “আমরা অনুধাবন করছি যে মিয়ানমারের জনগণের জন্য এটি আসিয়ানের গৃহীত একটি নজিরবিহীন এবং ইতিবাচক পদক্ষেপ।” জাতীয় ঐকমত্যের সরকার বিবৃতিতে, দেশটির সামরিক বাহিনীর সাথে সম্পর্কিত কোন ব্যক্তি বা সংস্থাকে বৈঠকে অংশগ্রহণ থেকে বিরত রাখার আহ্বান জানায়। অন্যদিকে, মিয়ানমারের সামরিক বাহিনীও গত শনিবার আসিয়ানের ঘোষণার তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করে বলে যে তারা এতে অত্যন্ত হতাশ এবং এই সিদ্ধান্তের জোর প্রতিবাদ জানাচ্ছে। (এনএইচকে ওয়েব পেজ : ১৭০০ ঘ. ১৮.১০.২০২১ সোনিয়া ও নারগীস)

ডয়চে ভেলে

ফেইসবুকে ‘মন্তব্যের জেরে’ তছনছ রংপুরের হিন্দুপল্লী

বাংলাদেশের উত্তরাঞ্চলের একটি গ্রামের অন্তত ২০টি হিন্দু ঘরবাড়ি জ্বালিয়ে দিয়েছে একদল হামলাকারী। একটি ফেইসবুক পোস্টে করা মন্তব্যে ‘ধর্ম অবমাননা’ ঘটেছে দাবি করে হামলাকারীরা গ্রামটি আক্রমণ করেছে বলে জানিয়েছে স্থানীয় পুলিশ।

রংপুর জেলা থেকে প্রায় ৪৫ কিলোমিটার দূরে জেলেপল্লীতে রোববার রাতে হিন্দুদের ঘরবাড়ি এবং মন্দিরে হামলার ঘটনা ঘটে। হামলাকারীরা সেখানে আগুন ধরিয়ে দেয়। স্থানীয় পুলিশ কর্মকর্তা মোহাম্মদ মাহবুব জানিয়েছেন যে কয়েকশত হামলাকারী হামলায় অংশ নেয়। তাদের ছত্রভঙ্গ করতে পুলিশ ফাঁকা গুলি ও কাঁদানে গ্যাস ব্যবহার করে। পুলিশ বলছে, স্থানীয় একজন হিন্দু একটি ফেসবুক পোস্টের নীচে ইসলাম ধর্ম নিয়ে আপত্তিকর মন্তব্য করেছে, এমন গুজব ছড়িয়ে পড়লে হামলার সূত্রপাত হয়। এমন এক সময়ে এই হামলা ঘটলো যখন বাংলাদেশের আরো কয়েকটি জেলায় দুর্গাপূজার উৎসবে আক্রমণের ঘটনা ঘটেছে। এসব ঘটনায় দুইজন হিন্দুসহ অন্তত সাতজন নিহত হয়েছে।

জেলা পুলিশ প্রধান বিপ্লব কুমার সরকার জানিয়েছেন, আগুন হামলার সঙ্গে জড়িত সন্দেহে বেশ কয়েকজনকে আটক করা হয়েছে। এদিকে, সোমবার ঢাকার স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে বদলি সংক্রান্ত এক প্রজ্ঞাপন জারি করা হয়েছে যেখানে রংপুরের পুলিশ প্রধানসহ আরো কয়েকটি জেলার সাত পুলিশ কর্মকর্তাকে বদলি করা হয়েছে।

বিপ্লব কুমার সরকারকে ঢাকা মহানগর পুলিশের উপ কমিশনারের দায়িত্বে পাঠানো হয়েছে। রংপুরে তার স্থলে দায়িত্ব পেয়েছেন পুলিশ সদরদপ্তরের সহকারী মহাপরিদর্শক (এআইজি) মো. ফেরদৌস আলী চৌধুরী।

ফেনীর পুলিশ সুপার খন্দকার নুরুল্লাহকে পুলিশ সদরদপ্তরের এআইজি করে ঢাকায় নিয়ে আসা হচ্ছে। পুলিশ সদরদপ্তরের আরেক এআইজি আব্দুল্লাহ আল মামুনকে এসপি হিসেবে ফেনীতে পাঠানো হচ্ছে।

(ডয়চে ভেলে, ডি ডব্লিউ ওয়েব পেজ : ১৮০০ ঘ. ১৮.১০.২০২১ সোনিয়া ও নারগীস)

রেডিও এবিসি

চট্টগ্রাম নগর ও জেলায় পূজামণ্ডপে হামলা ও তোরণ ভাঙচুরের ঘটনায় পৃথক চারটি মামলা হয়েছে

কুমিল্লার ঘটনার জেরে চট্টগ্রাম নগর ও জেলায় পূজামণ্ডপে হামলা ও তোরণ ভাঙচুরের ঘটনায় পৃথক চারটি মামলা হয়েছে। এসব মামলায় দেড়শো জনের নাম উল্লেখ করা হয়েছে। পাশাপাশি অজ্ঞাত পরিচয়ের ১ হাজার ৩০০জনকে আসামি করা হয়েছে। এসব মামলায় রোববার পর্যন্ত ৯৩জনকে গ্রেফতার করেছে পুলিশ। মামলায় বিএনপি

নেতাকর্মীদের আসামি করার প্রতিবাদ জানিয়েছেন দলটির চট্টগ্রাম দক্ষিণ জেলা বিএনপি'র আহবায়ক আবু সুফিয়ান। (রেডিও এবিসি : ১৫০০ ঘ. ১৮.১০.২০২১ প্রতীক ও নারগীস)

দক্ষিণ কোরিয়া সফরে গেছেন সেনাপ্রধান জেনারেল এস এম সফিউদ্দিন আহমেদ

বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান জেনারেল এস এম সফিউদ্দিন আহমেদ সরকারি সফরে দক্ষিণ কোরিয়া গেছেন। রোববার রাতে সফিউদ্দিন আহমেদ দক্ষিণ কোরিয়ার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। (রেডিও এবিসি : ১৮০০ ঘ. ১৮.১০.২০২১ আসাদ ও নারগীস)

নোয়াখালীর চৌমুহনীতে শুক্রবার হামলার ঘটনায় পৃথক দুটি মামলা হয়েছে

নোয়াখালীর বেগমগঞ্জের চৌমুহনীতে শুক্রবার মন্দির দোকানপাট ও বসতবাড়িতে হামলা-ভাঙচুর এবং ইসকনের দুই ভক্ত নিহত হওয়ার ঘটনায় থানায় পৃথক দুটি মামলা হয়েছে। একইসঙ্গে জেলার বিভিন্ন উপজেলার মন্দির ও হিন্দু সম্প্রদায়ের বাড়িতে হামলায় এ পর্যন্ত ১৮টি মামলা হয়েছে বলে জানিয়েছে পুলিশ। এসব মামলার এজাহারে ২৮৫ জনকে আসামি করা হয়েছে। এছাড়া আরও চার থেকে পাঁচ হাজার ব্যক্তিকে অজ্ঞাত আসামি করা হয়েছে।

(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ১৮.১০.২০২১ আসাদ ও নারগীস)

দেশে বিভিন্ন স্থানে হিন্দুদের বাড়িঘর ও মন্দিরে হামলার প্রেক্ষিতে সাংবাদিকদের প্রতিবাদ সমাবেশ

ঢাকায় অনুষ্ঠিত এক প্রতিবাদ সমাবেশে সাংবাদিক নেতারা বলেছেন শারদীয় দুর্গোৎসবকে কেন্দ্র করে দেশের বিভিন্ন স্থানে মন্দির, মণ্ডপসহ হিন্দুদের বাড়িঘরে হামলা চালিয়ে মুক্তিযুদ্ধ তথা অসাম্প্রদায়িক বাংলাদেশের চেতনার উপর আঘাত করেছে একটি চক্র। এই চক্রটি দেশকে ধর্মাত্ম রাষ্ট্রে পরিণত করতে চায়। সোমবার রাজধানীর জাতীয় প্রেসক্লাব প্রাঙ্গণে সাম্প্রদায়িক অপশক্তিকে রুখে দাঁড়াও শিরোনামের এক প্রতিবাদ সমাবেশে অংশ নিয়ে সাংবাদিক নেতারা এসব মন্তব্য করেন। (রেডিও এবিসি : ১৮০০ ঘ. ১৮.১০.২০২১ আসাদ ও নারগীস)

বনানীতে এফ আর টাওয়ারে নকশা জালিয়াতি মামলায় অভিযোগ গঠন করেছেন আদালত

রাজধানীর বনানীতে এফ আর টাওয়ারে নকশা জালিয়াতির মামলায় রাজউকের সাবেক চেয়ারম্যান হুমায়ুন খাদেমসহ চারজনের বিরুদ্ধে অভিযোগ গঠন করেছেন আদালত। আগামী ১৫ই নভেম্বর সাক্ষ্য গ্রহণের দিন ঠিক করেছেন আদালত। সোমবার ঢাকার বিভাগীয় বিশেষ জজ সৈয়দ কামাল হোসেন এই আদেশ দেন।

(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ১৮.১০.২০২১ আসাদ ও নারগীস)

ই-কমার্স প্রতিষ্ঠান কিউ কম এর সিইও কে ২ দিনের রিমান্ডে পাঠিয়েছে আদালত

এবার রাজধানীর লালবাগ থানায় ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় গ্রেফতার ই-কমার্স প্রতিষ্ঠান কিউ কম এর সিইও রিপন মিয়াকে দুই দিন এবং প্রতিষ্ঠানটির বিপণন এবং জনসংযোগ বিভাগের প্রধান হুমায়ুন কবির ওরফে আরজে নীরবকে এক দিন রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদ করার অনুমতি দিয়েছেন আদালত। ঢাকার সিএমএম আদালত সোমবার এই আদেশ দেন। (রেডিও এবিসি : ১৮০০ ঘ. ১৮.১০.২০২১ আসাদ ও নারগীস)

রেডিও টুডে

রংপুরে যার ফেইসবুকের পোস্ট থেকে উত্তেজনা ছড়িয়ে ছিল সেই তরুণ কে আটক করেছে পুলিশ

যার ফেইসবুকে কথিত ধর্ম অবমাননার অভিযোগ তুলে রংপুরের জেলেপল্লীর বাড়িঘর পোড়ানো হয় সেই তরুণ কে আটক করেছে পুলিশ। গতকাল জয়পুরহাট থেকে তাকে আটক করা হয় বলে রংপুরের পুলিশ সুপার বিপ্লব কুমার সরকার জানিয়েছেন। তবে এই তরুণকে আটকের বিষয়ে বিস্তারিত কিছু জানাননি তিনি। ফেইসবুকে এক হিন্দু তরুণ ধর্মীয় অবমাননাকর পোস্ট দিয়েছেন অভিযোগ তুলে রোববার রাতে রংপুরের পীরগঞ্জের মাঝিপাড়ায় জেলে পল্লীতে উত্তেজনা ছড়ানো হয়। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ১৯.১০.২০২১ আসাদ ও নারগীস)

কুমিল্লার ঘটনার জেরে বিভিন্ন স্থানে ভাঙচুরের ঘটনায় এ পর্যন্ত ৭১টি মামলা হয়েছে : পুলিশ সদর দপ্তর

কুমিল্লার ঘটনার জেরে দেশের অন্যান্য স্থানে পূজামণ্ডপ, মন্দির, বাড়িঘর ও ব্যবসা প্রতিষ্ঠানে হামলার ঘটনায় এ পর্যন্ত ৭১টি মামলা হয়েছে। এসব ঘটনায় জড়িত সন্দেহে দেশের বিভিন্ন স্থান থেকে ৪৫০জনকে আটক করা হয়েছে। পুলিশ সদরদপ্তর গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানায়। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয় আরো কিছু মামলা প্রক্রিয়াধীন রয়েছে। আটকের সংখ্যা আরো বাড়তে পারে। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ১৯.১০.২০২১ আসাদ ও নারগীস)

দেশের বিভিন্ন স্থানে সাম্প্রদায়িক হামলা-ভাঙচুরের ঘটনায় ২৫জন বিশিষ্ট নাগরিকের উদ্বেগ প্রকাশ

দেশে সাম্প্রদায়িক হামলা ও প্রতিমা ভাঙচুরের ঘটনায় ক্ষোভ ও উদ্বেগ জানিয়েছেন লেখক, অধ্যাপক, মানবাধিকার কর্মীসহ বিভিন্ন শ্রেণি-পেশার শীর্ষস্থানীয় ২৫জন নাগরিক। গতকাল এক বিবৃতিতে সাম্প্রদায়িক সন্ত্রাসের বিরুদ্ধে রাষ্ট্র ও জন সমাজকে কার্যকর প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানিয়েছেন তারা। অবিলম্বে মন্দির, পূজামণ্ডপ ও হিন্দু বসতিতে

হামলায় জড়িত এবং এর পেছনের হোতাদের চিহ্নিত, গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিতের ও দাবি করেছেন বিশিষ্ট নাগরিকরা। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ১৯.১০.২০২১ আসাদ ও নারগীস)

সারাদেশের পূজামণ্ডপে হামলার ঘটনা সরকারি মদদেই হয়েছে : মির্জা ফখরুল

সারাদেশে পূজামণ্ডপে হামলার ঘটনা সরকারি মদদেই হয়েছে বলে দাবি বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। তিনি বলেছেন দাঙ্গা, সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করা এটা ক্ষমতাসীনদের মদদ ছাড়া সম্ভব নয়। গতকাল রাতে গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে হিন্দু সম্প্রদায়ের নেতাদের সঙ্গে এক মতবিনিময় সভায় মির্জা ফখরুল ইসলাম এ কথা বলেন। তিনি বলেন এখানে আজ অনেকেই উপস্থিত আছেন যারা ঘটনা স্বচক্ষে দেখেছেন। সেখানে যারা আক্রমণ চালিয়েছে তারা কোনো বিরোধী দলের রাজনৈতিক নেতা-কর্মী নয়। এটা আজ সব জায়গায় প্রমাণিত হয়ে গেছে। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ১৯.১০.২০২১ আসাদ ও নারগীস)

আজ সারাদেশে সম্প্রীতি সমাবেশ করবে আওয়ামী লীগ

সাম্প্রদায়িক সম্প্রদায়ের বিরুদ্ধে আজ সারাদেশে সম্প্রীতি সমাবেশ ও শান্তি শোভাযাত্রা করবে আওয়ামী লীগ। সারা দেশের সব জেলা উপজেলায় এই কর্মসূচি পালন করা হবে। এছাড়া রংপুরের ঘটনাস্থল পরিদর্শনে যাবে কেন্দ্রীয় আওয়ামী লীগের একটি প্রতিনিধিদল। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ১৯.১০.২০২১ আসাদ ও নারগীস)

বাংলাদেশের সাম্প্রদায়িক সম্প্রীতির ঐতিহ্য সমুল্লত রাখার জন্য দেশবাসীর প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান

দেশের সাম্প্রদায়িক অপশক্তি তৎপরতার প্রতিরোধ করতে আওয়ামী লীগের নেতা-কর্মীদের নির্দেশনা দিয়েছেন দলীয় সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যেকোনো মূল্যে বাংলাদেশের সাম্প্রদায়িক সম্প্রীতির ঐতিহ্য সমুল্লত রাখার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন তিনি। সন্ধ্যায় রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে অনুষ্ঠিত এক জরুরি সভায় এই আহ্বান জানান শেখ হাসিনা। সভায় গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যুক্ত হন সরকার প্রধান। এ সময় পরিস্থিতির উপর সরকার নজর রাখছে বলেও জানান তিনি।

(রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ১৮.১০.২০২১ আসাদ ও নারগীস)

বাংলাদেশের সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিত করতে সরকারের প্রতি মিয়া সেপ্তোর আহ্বান

জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী মিয়া সেপ্তো বাংলাদেশের সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিত করতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। পাশাপাশি হিন্দু সম্প্রদায়ের উপর সাম্প্রতিক হামলার স্বাধীন তদন্তের আহ্বান জানিয়েছেন তিনি। আজ সন্ধ্যায় এক টুইটার পোস্টে এই আহ্বান জানান মিয়া সেপ্তো। এই বিদেশী কূটনীতিক লিখেছেন বাংলাদেশে হিন্দুদের উপর হামলা সামাজিক যোগাযোগ মাধ্যমে বিদ্বেষমূলক বক্তব্যের ফল যা সংবিধানের মূল্যবোধের পরিপন্থী। এটা খামানো উচিত। (রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ১৮.১০.২০২১ আসাদ ও নারগীস)

দেশের সরকারি হাসপাতালগুলোতে ধারণ ক্ষমতার তিনগুণ বেশি রোগী চিকিৎসা নিচ্ছেন : স্বাস্থ্যমন্ত্রী

দেশের সরকারি হাসপাতালগুলোতে ধারণ ক্ষমতার তিনগুণ বেশি রোগী চিকিৎসা নিচ্ছেন বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। দুপুরে সচিবালয়ে স্বাস্থ্য সুরক্ষা আইন প্রণয়ন ও বাস্তবায়ন শীর্ষক এক বৈঠকে তিনি এই তথ্য জানান। (রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ১৮.১০.২০২১ আসাদ ও নারগীস)

ভালো মানুষেরা এখন রাজনীতিতে টিকতে পারছেন না, বিতাড়িত হয়ে যাচ্ছেন : জিএম কাদের

তথ্য প্রতিমন্ত্রী মুরাদ হাসান এর বহিষ্কার চেয়েছেন জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদের। তিনি বলেছেন তথ্য প্রতিমন্ত্রী রাষ্ট্র ধর্ম মানেন না বলে সংবিধানের শপথ তার ভঙ্গ হয়েছে। আওয়ামী লীগের এখন উচিত তাকে বহিষ্কার করা। দুপুরে জাপা চেয়ারম্যানের বনানী কার্যালয়ে এক মতবিনিময় সভায় এসব কথা বলেন জিএম কাদের। এ সময় তিনি আরো বলেন ভালো মানুষেরা এখন রাজনীতিতে টিকতে পারছেন না, বিতাড়িত হয়ে যাচ্ছেন।

(রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ১৮.১০.২০২১ আসাদ ও নারগীস)

শহিদ শেখ রাসেল এর ৫৮তম জন্মদিন আজ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছোট ছেলে শহিদ শেখ রাসেল এর ৫৮তম জন্মদিন আজ। ১৯৬৪ সালের ১৮ অক্টোবর ধানমন্ডির ঐতিহাসিক স্মৃতিবিজড়িত বঙ্গবন্ধু ভবনে জন্ম নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছোট ভাই শেখ রাসেল। মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী এই বছর থেকে তার জন্মদিন শেখ রাসেল দিবস হিসেবে পালিত হচ্ছে। এই উপলক্ষে পৃথক বাণী দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এছাড়া আওয়ামী লীগের সহযোগী সংগঠনসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছে। ১৯৭৫ সালের ১৫ আগস্ট কালরাতে বঙ্গবন্ধুর সঙ্গে নির্মমভাবে তাকেও হত্যা করে ঘাতকরা।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৮.১০.২০২১ প্রতীক ও নারগীস)

শিশুদের জন্য একটি নিরাপদ বাংলাদেশের পরিকল্পনা করে দিয়েছে বর্তমান সরকার

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন শিশুদের জন্য একটি নিরাপদ বাংলাদেশের পরিকল্পনা করে দিয়েছে বর্তমান সরকার। তিনি বলেন বুলেটের আঘাতে এদেশে আর কোনো শিশুর প্রাণ যেন না যায়, যাতে আত্মবিশ্বাস, মর্যাদা আর মুক্তিযুদ্ধের চেতনা নিয়ে তারা বেড়ে উঠতে পারে এটিই তার প্রত্যাশা। শেখ রাসেল দিবসের অনুষ্ঠানে গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। অনুষ্ঠানে শেখ রাসেলকে নিয়ে লেখা বইয়ের মোড়ক উন্মোচন করেন প্রধানমন্ত্রী। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৮.১০.২০২১ প্রতীক ও নারগীস)

রংপুরের পীরগঞ্জ উপজেলায় প্রায় ২৬টি বাড়িতে আগুন দেয়ার ঘটনা ঘটেছে

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কঠোর নজরদারির মধ্যেই এবার রংপুরের পীরগঞ্জ উপজেলায় প্রায় ২৬টি বাড়িতে আগুন দেয়ার ঘটনা ঘটেছে। ফেসবুকে ধর্ম অবমাননার কথিত অভিযোগে উপজেলার রামনাথপুর ইউনিয়নের মাঝিপাড়া এলাকায় রোববার রাত দশটার দিকে এই ঘটনা ঘটে। রংপুর জেলার সহকারী পুলিশ সুপার মোহাম্মদ কামরুজ্জামান সাংবাদিকদের জানিয়েছেন, সংখ্যালঘু সম্প্রদায়ের এক যুবক ফেসবুকে ধর্ম নিয়ে অবমাননাকর পোস্ট দিয়েছেন এমন গুজবে এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। এই ঘটনায় এখন পর্যন্ত ৪২ জনকে আটক করেছে পুলিশ। এছাড়া রংপুর জেলার পুলিশ সুপার বিপ্লব কুমার সরকারসহ ৭ পুলিশ কর্মকর্তাকে বদলি করা হয়েছে।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৮.১০.২০২১ প্রতীক ও নারগীস)

রাজধানীর শাহবাগ মোড় অবরোধ করে বিক্ষোভ করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী

গুজবকে কেন্দ্র করে দেশের বিভিন্ন স্থানে মন্দিরে ও মণ্ডপে হামলার প্রতিবাদে রাজধানীর শাহবাগ মোড় অবরোধ করে বিক্ষোভ করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী। সকাল সাড়ে দশটার দিকে প্রতিবাদী শিক্ষার্থীর ব্যানারে তারা শাহবাগ মোড় অবরোধ করে। এর আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকায় জড়ো হয় জগন্নাথ হলসহ বিভিন্ন হলের আবাসিক শিক্ষার্থীরা। সেখান থেকে তারা মিছিল নিয়ে শাহবাগ মোড়ে গিয়ে অবস্থান নেয়। এতে শাহবাগ থেকে পল্টন, সাইন্সল্যাব, বাংলামোটর, টিএসসি অভিমুখী সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৮.১০.২০২১ প্রতীক ও নারগীস)

গণতন্ত্র ধ্বংস করতে সারাদেশে সাম্প্রদায়িক হামলা হচ্ছে বিএনপি'র ইন্ধনে : ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন গণতন্ত্র ধ্বংস করতে সারাদেশে সাম্প্রদায়িক হামলা হচ্ছে বিএনপি'র ইন্ধনে। সকালে রাজধানীর বনানী কবরস্থানে শেখ রাসেল দিবস উপলক্ষে তার কবরে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়ে মন্ত্রী সাংবাদিকদের একথা বলেন। রংপুরের পীরগঞ্জে অগ্নিসংযোগের ঘটনার প্রসঙ্গ টেনে তিনি বলেন সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করতে বিএনপি এমন চক্রান্তে লিপ্ত। সাম্প্রদায়িক সহিংসতা ঠেকাতে দলের নেতাকর্মীদের প্রস্তুত থাকার নির্দেশ দেন ওবায়দুল কাদের।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৮.১০.২০২১ প্রতীক ও নারগীস)

ইভ্যালি পরিচালনার জন্য পাঁচ সদস্যের বোর্ড গঠন করে দিয়েছেন হাইকোর্ট

ই-কমার্স প্রতিষ্ঠান ইভ্যালি পরিচালনার জন্য আপিল বিভাগের সাবেক বিচারপতি এইচ এম শামসুদ্দিন চৌধুরী মানিককে প্রধান করে পাঁচ সদস্যের বোর্ড গঠন করে দিয়েছেন হাইকোর্ট। বিচারপতি মুহাম্মদ খুরশীদ আলম সরকারের হাইকোর্ট বেঞ্চ আজ এই আদেশ দেন। কমিটির অন্য সদস্যরা হলেন সাবেক সচিব মোঃ রেজাউল আহসান, মাহবুবুল করিম, চার্টার্ড একাউন্টেন্ট ফখরুদ্দিন আহম্মেদ ও আইনজীবী খান মোঃ শামীম আজিজ।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৮.১০.২০২১ প্রতীক ও নারগীস)

ফারুকসহ আসামিদের বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরু আদেশ দিয়েছেন আদালত

রাজধানীর বনানীর এফ আর টাওয়ার এর নকশা জালিয়াতির মামলায় জমির মালিক ফারুকসহ আসামিদের বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরুর আদেশ দিয়েছেন আদালত। মামলার সাক্ষ্য নেয়ার জন্য দিন ঠিক করা হয়েছে আগামী ১৫ নভেম্বর। ঢাকার বিভাগীয় স্পেশাল জজ কামাল হোসেন দুপুরে এই আদেশ দেন।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৮.১০.২০২১ প্রতীক ও নারগীস)

বিএনপি-জামায়াতসহ ধর্মান্ধ গোষ্ঠী কুমিল্লার ঘটনা ঘটিয়েছে : তথ্য সম্প্রচার মন্ত্রী

তথ্য ও সম্প্রচার মন্ত্রী ডঃ হাসান মাহমুদ বলেছেন, বিএনপি-জামায়াতসহ ধর্মান্ধ গোষ্ঠী কুমিল্লার ঘটনা ঘটিয়েছে। দেশে বিশৃঙ্খলা সৃষ্টির মাধ্যমে সরকারকে বেকায়দায় ফেলতে এটি করা হয়েছে বলেও দাবি করেন তিনি। দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের সাথে আলাপকালে মন্ত্রী এসব কথা বলেন। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৮.১০.২০২১ প্রতীক ও নারগীস)

দীর্ঘ ১৮ মাস বন্ধ থাকার পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো খুলে দেয়া হয়েছে

দীর্ঘ ১৮ মাস বন্ধ থাকার পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো খুলে দেয়া হয়েছে। সকাল থেকে হলগুলোতে ফিরতে শুরু করেছেন শিক্ষার্থীরা। আগামীকাল মঙ্গলবার থেকে বিশ্ববিদ্যালয়ে স্বশরীরে ক্লাস-পরীক্ষা শুরু হবে। এর

আগে গত শনিবার থেকে বিশ্ববিদ্যালয়ের শাটল ট্রেন চালু করা হয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এম মনিরুল হাসান জানান কমপক্ষে প্রথম ডোজ টিকা নিয়েছেন শুধুমাত্র এমন শিক্ষার্থীদের হলে উঠতে দেওয়া হচ্ছে। হলে উঠার জন্য শিক্ষার্থীদের পরিচয় পত্র, টিকা কার্ড সাথে রাখা বাধ্যতামূলক করা হয়েছে। এদিকে শাটল ট্রেন চালুর পর ক্যাম্পাসে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষের জেরে ক্যাম্পাসে নিরাপত্তা জোরদার করা হয়েছে। এছাড়া শৃঙ্খলা বহির্ভূত কাজ করার অপরাধে ১২ শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করা হয়েছে।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৮.১০.২০২১ প্রতীক ও নারগীস)

কেরালায় মৃতের সংখ্যা বেড়ে ২৬জনে দাঁড়িয়েছে

ভারী বর্ষণ ও ভূমিধসে ভারতের দক্ষিণাঞ্চলীয় প্রদেশ কেরালায় মৃতের সংখ্যা বেড়ে ২৬জনে দাঁড়িয়েছে। এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে ব্রিটিশ সংবাদমাধ্যম, বিবিসি। এতে বলা হয়েছে নিম্নচাপের প্রভাবে শুক্রবার থেকে শুরু হওয়া টানা বৃষ্টিতে তলিয়ে যায় কেরালার কোট্টায়াম ও ইদুক্কি। এতে ভূমিধসের ঘটনাও ঘটে। পরিস্থিতি মোকাবেলায় কিছু এলাকাতে রোড অ্যালাটের পাশাপাশি আরো কয়েকটি এলাকায় অরেঞ্জ অ্যালাট জারি করা হয়। বৃষ্টি ও ভূমিধসে প্রাণহানির ঘটনায় রোববার ও আজ সোমবার আইয়াপ্পা দেবতার ভক্তদের সাবারিমলা মন্দির ভ্রমণে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৮.১০.২০২১ প্রতীক ও নারগীস)

গত একদিনে দেশে করোনায় আরও ১০জনের মৃত্যু

গত ২৪ ঘণ্টায় করোনায় আরও ১০জনের মৃত্যু হয়েছে। এ পর্যন্ত মৃতের সংখ্যা দাঁড়ালো ২৭ হাজার ৭৭৮জনে। ১৮ হাজার ৮১২টি নমুনা পরীক্ষা করে নতুন করে সনাক্ত হয়েছেন ৩৩৯জন। সরকারি হিসাবে এ পর্যন্ত মোট সনাক্ত ১৫ লাখ ৬৫ হাজার ৮২৭জন। গত ২৪ ঘণ্টায় সনাক্তের হার ১ দশমিক ৮০ শতাংশ। নতুন ৫০৯জন সহ এখন পর্যন্ত ১৫ লাখ ২৮ হাজার ৩৭১জন সুস্থ হয়ে উঠেছেন। আজ স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত করোনা বিষয়ক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৮.১০.২০২১ আসাদ ও নারগীস)

কুমিল্লা-নোয়াখালী ও রংপুরের ঘটনাগুলো একই সূত্রে গাঁথা বলে মনে হচ্ছে স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন রংপুরের পীরগঞ্জের ঘটনায় জড়িতদের খুঁজে বের করতে কয়েকটি ভিডিও ও ফোন কল পর্যালোচনা করা হচ্ছে। কয়েকজনকে এরইমধ্যে চিহ্নিত করা হয়েছে। তবে কুমিল্লা-নোয়াখালী ও রংপুরের ঘটনা একই সূত্রে গাঁথা বলে মনে হচ্ছে। দুপুরে সচিবালয়ে নিজ কক্ষে সাংবাদিক সাথে আলাপকালে তিনি একথা জানান। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৮.১০.২০২১ আসাদ ও নারগীস)

রাজধানীর শাহবাগ মোড়ের অবরোধ উঠিয়ে নিয়েছে ঢাবির শিক্ষার্থীরা

গুজবকে কেন্দ্র করে দেশের বিভিন্ন স্থানে মন্দির ও মণ্ডপে হামলার প্রতিবাদে রাজধানীর শাহবাগ মোড়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দেওয়া অবরোধ কর্মসূচি উঠিয়ে নেয়া হয়েছে। সাত দফা দাবি বাস্তবায়নে ২৪ ঘণ্টা সময় বেঁধে দিয়ে পৌনে চার ঘণ্টা পর অবরোধ তুলে নেয় শিক্ষার্থীরা। এরপর শাহবাগ দিয়ে যানবাহন চলাচল স্বাভাবিক হয়। এর আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আবাসিক হল থেকে মিছিল সহকারে শাহবাগ মোড়ে এসে সকালে সাড়ে দশটার দিকে অবরোধ দেয় শিক্ষার্থীরা। এতে করে শাহবাগ থেকে পল্টন, সাইন্সল্যাব, বাংলামোটর ও টিএসসি অভিমুখী সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৮.১০.২০২১ আসাদ ও নারগীস)

করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন সাবেক মার্কিন পররাষ্ট্রমন্ত্রী কলিন পাওয়েল

করণায় আক্রান্ত হয়ে মারা গেছেন সাবেক মার্কিন পররাষ্ট্রমন্ত্রী কলিন পাওয়েল। স্থানীয় সময় সোমবার তার মৃত্যু হয় বলে কলিন পাওয়েলের পরিবারের পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে। কলিন পাওয়েল ছিলেন যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম কোনো কৃষ্ণাঙ্গ পররাষ্ট্রমন্ত্রী। ২০০১ সালে প্রেসিডেন্ট জর্জ ডাব্লিউ বুশের মন্ত্রিসভায় তিনি পররাষ্ট্রমন্ত্রী হিসেবে যোগ দেন। এর আগে ১৯৮৭ থেকে ১৯৮৯ সাল পর্যন্ত তিনি সাবেক মার্কিন প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যানের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ছিলেন। পরে ১৯৮৯ সাল থেকে প্রেসিডেন্ট জর্জ বুশের প্রশাসনে জয়েন্ট চিফ-অফ-স্টাফ এর চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৮.১০.২০২১ আসাদ ও নারগীস)

BBC

CHINA DENIES TESTING RARE HYPERSONIC MISSILE

China has denied reports that it tested a nuclear-capable hypersonic missile earlier this year, insisting instead that it was a routine spacecraft check. The initial report in the Financial Times newspaper prompted concern in Washington, where US intelligence was reportedly caught by surprise. Hypersonic missiles are much faster and more agile than normal ones, meaning they are more difficult to intercept. It comes as concern grows around China's nuclear capabilities. (BBC : 2200+2300 hrs. 18.10.2021 Faruk & Nargis)

MYANMAR TO RELEASE 5,000 PRISONERS HELD OVER COUP

Myanmar's government has said it will free more than 5,000 prisoners jailed for protesting against February's coup. Thousands of people were detained during bloody demonstrations after military leaders seized power. The coup leader, Min Aung Hlaing, said the 5,636 prisoners would be released for humanitarian reasons. It comes days after the general was excluded from an annual summit of regional leaders, who said the military had not done enough to end the turmoil. The Association of Southeast Asian Nations (ASEAN) agreed to invite a non-political representative from Myanmar instead of Gen Min Aung Hlaing.

(BBC : 2200+2300 hrs. 18.10.2021 Faruk & Nargis)

AT LEAST 26 KILLED IN INDIA FLOODS

At least 26 people have been killed in floods in southern India after heavy rains caused rivers to overflow, cutting off towns and villages. Five children are among the dead. There are fears the death toll could rise further as many people are missing. Several houses were washed away and people became trapped in the district of Kottayam in Kerala state. Kottayam and Idukki are two of the worst affected districts in the state. Days of heavy rainfall has also caused deadly landslides. Swollen rivers have washed away bridges connecting many small villages. (BBC : 2200+2300 hrs. 18.10.2021 Faruk & Nargis)

AFGHAN GIRLS ARE 'LEFT IN DARKNESS' BY THE TALIBAN

It's been a month since the Taliban banned girls from secondary schools in most of Afghanistan. It's the only country in the world to bar half its population from getting an education. Women, except for those in the public health sector, have not been allowed to return to work yet. The BBC's Yogita Limaye gained exclusive access to the former women's affairs ministry in Kabul, now replaced by the feared Taliban vice and virtue ministry and questioned the group's spokesman on the future for women in Afghanistan.

(BBC : 2200+2300 hrs. 18.10.2021 Faruk & Nargis)

EX-US SECRETARY OF STATE COLIN POWELL DIES AGED 84

Former US Secretary of State Colin Powell has died aged 84 of Covid-19 complications, his family has announced. He was a former top military officer who rose to become the first African-American secretary of state in 2001 under Republican George W Bush. Mr Powell became a trusted military adviser to a number of leading US politicians. He also saw service in Vietnam, an experience that later helped define his own military and political strategies.

(BBC : 2200+2300 hrs. 18.10.2021 Faruk & Nargis)

CHINA'S GROWTH SLOWDOWN SUGGESTS RECOVERY IS LOSING STEAM

China's economy grew 4.9% in the July to September quarter from a year earlier, the slowest pace in a year and worse than analysts had predicted. This was far slower from the previous quarter when growth was almost 8%, suggesting the recovery is weakening. Power shortages, outbreaks of Covid-19 and pressure from Beijing on a number of industries are taking their toll. These developments may dampen growth for the rest of the year and should not be underestimated, one expert said. (BBC : 2200+2300 hrs. 18.10.2021 Faruk & Nargis)

SPANISH PM VOWS TO OUTLAW PROSTITUTION

Spain's Prime Minister Pedro Sanchez pledged on Sunday to criminalize prostitution in the country. Speaking to supporters at the end of his Socialist Party's three-day congress in Valencia, Mr Sanchez said that the practice enslaves women. Prostitution was decriminalized in Spain in 1995 and in 2016 the UN estimated the country's sex industry was worth \$4.2bn. A 2009 survey found that up to one in three Spanish men had paid for sex.

(BBC : 2200+2300 hrs. 18.10.2021 Faruk & Nargis)

UN TO CONDUCT AFGHANISTAN ANTI-POLIO CAMPAIGN

The UN has announced a nationwide polio immunisation campaign in Afghanistan for the first time in many years. Children's agency Unicef said they had the full support of the Taliban for the project due to begin in early November. The Taliban will also allow female staff on the campaign and provide security to the teams, the agency said. In the past, the militant group have opposed vaccination, falsely claiming it was a Western conspiracy to sterilize Muslims. (BBC : 0600 hrs. 19.10.2021 Faruk & Nargis)

EGYPT TO BAR UNVACCINATED CIVIL SERVANTS FROM WORK

Egypt will bar unvaccinated public service workers from entering government buildings from mid-next month. A cabinet notice on Monday said workers would have to be vaccinated for take a weekly Covid test to be allowed into government buildings from 15 November. The cabinet also allowed the opening up of bathrooms in mosques from Wednesday. The bathrooms were closed in March last year as part of measures to contain the spread of coronavirus. The government has also allocated a billion Egyptian pounds to address the pandemic. (BBC : 0600 hrs. 19.10.2021 Faruk & Nargis)

AFRICA'S LAST HOLDOUT BURUNDI STARTS COVID VACCINATIONS

Burundi has started vaccinating people against coronavirus. It was one of the last countries in the world not to be administering the jabs. The injections are being given on a voluntary basis and take-up in the main city, Bujumbura, was relatively low, locals told the BBC Great Lakes service. So far there has been no attempt by the government to urge people to come forward. Last week, Burundi received 5,00,000 doses of the Sinopharm vaccine. WHO figures show that some 19,550 cases have been confirmed in the East African nation with 14 deaths, although some Burundians are sceptical of the numbers.

(BBC : 0600 hrs. 19.10.2021 Faruk & Nargis)

TIGRAY REBEL ATTACK KILLS 30 CIVILIANS : GOVERNMENT.

Recent attacks by the Ethiopian rebel group, the Tigray People's Liberation Front (TPLF), have claimed the lives of at least 30 civilians, the government says. The conflict between the TPLF, which the government regards as a terrorist organisation, and Ethiopian federal forces is now nearly a year old. In its latest statement, the government says the TPLF targeted areas in Amhara and Afar regional states, which both border Tigray, in unwarranted attacks against innocent civilians. Whereas the government has been committed to a humanitarian ceasefire it announced in June, the statement adds, the TPLF has continued fighting.

(BBC : 0600 hrs. 19.10.2021 Faruk & Nargis)

THE END